YOUR RIGHT TO KNOW

The Daily Star

SECOND EDITION

REGULAR NEWSPAPER INSIDE

DHAKA WEDNESDAY FEBRUARY 28, 2024

REGD. NO. DA 781 | VOL. XXXIV NO. 45 | FALGUN 15, 1430 BS | www.thedailystar.net | SHABAN 17, 1445 HIJRI | 60 PAGES : TK 15.00

গত ঈদে BMW সহ পেয়েছিলেন হাজার হাজার পুরস্কার

ডাক বিভাগের মোবাইলে আর্থিক সেবা (এমএফএস) প্রদানকারী প্রতিষ্ঠান নগদের পেমেন্ট ক্যাম্পেইনের কোটি টাকার বিএমডব্লিউ গাড়ি জিতে নিলেন ঢাকার মাহবুব হায়দার।

রাজধানীতে আজ মঙ্গলবার আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানের মাধ্যমে বিজয়ীর কাছে বিএমডব্লিউ গাড়ি হস্তান্তর করেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার, নগদের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক এবং চলচ্চিত্র অভিনেতা অনন্ত জলিল।

নগদের এই ক্যাম্পেইনের চূড়ান্ত পর্যায়ে নগদ গ্রাহকের দেওয়া ভোটে সেরা ১০ জনকে বাছাই করে নগদ। ৪ লাখ ৭৩ হাজার ২৭ ভোট পেয়ে তালিকায় সবার ওপরে থেকে ঢাকার পালোয়ান মাহবুব হায়দার জিতে নেন বিএমডব্লিউ গাড়ি। দ্বিতীয় স্থানে থাকা চট্টগ্রামের সিলভিয়া ইয়াসিন পেয়েছেন ৪ লাখ ১১ হাজার ৮১৩ ভোট। কক্সবাজারের সাইদুর রহমান ৩ লাখ ৩৪ হাজার ৯৯ ভোট পেয়ে ছিলেন তৃতীয় স্থানে। ভোটের হিসাবে পরের নামগুলো হচ্ছে ভোলার মো. নাসিম, কুমিল্লার আবু সায়েদ বিন শোভন, যশোরের সানজিদা ইয়াসমিন মিলি, নোয়াখালীর সাজ্জাদ আহমেদ, রংপুরের নাহরিন নোশিন, চাঁপাইনবাবগঞ্জের ওয়াশিম আকরাম এবং বরিশালের মো. মাসুম মৃধা। ক্যাম্পেইনে সব মিলিয়ে ৪৫ লাখ ৩৯ হাজার ৫৫টি ভোট পড়ে।

গাড়ি হস্তান্তর অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, 'নগদ শুরু থেকে চমক দেখিয়েছে, সেই চমকের ধারাবাহিকতায় আজ বিএমডব্লিউ উপহার দিচ্ছে। বিএমডব্লিউ বিজয়ী মাহবুবকে আমার অভিনন্দন।' তিনি বলেন, 'আজ ডাক বিভাগকে বাঁচিয়ে রেখেছে নগদ, এ জন্য নগদকে ধন্যবাদ জানাই।'

পুরো আয়োজন প্রসঙ্গে নগদের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক বলেন, 'বিএমডব্লিউ ক্যাম্পেইনটি যেকোনো বিবেচনায় সাধারণ কোনো ক্যাম্পেইন ছিল না। আমার বিবেচনায় এই ক্যাম্পেইন

তিনি জানেন, এটা তাঁর কাছে স্বপ্নের মতন মনে হচ্ছে। মাহবুব বলেন, 'আমি নিজেকে সবসময় হতভাগ্য মনে করি। বিএমডব্লিউ গাড়ি জেতার পর ভাষা হারিয়ে ফেলেছি। সত্যিই আমি বিশ্বাস করতে পারছি না।'

উল্লেখ্য, মার্চে শুরু হয়ে বিএমডব্লিউ মেগা ক্যাম্পেন চালু ছিল ৩০ জুন পর্যন্ত। জানানো হয়েছে, এই সময়ে বাংলাদেশের বাসিন্দাদের কাছে ব্যাপক সাড়া পেয়েছে এই ক্যাম্পেন। এই ক্যাম্পেনের সৌজন্যে নগদের মাধ্যমে মোবাইল রিচার্জ এবং পেমেন্ট পৌঁছে যায় অন্য এক উচ্চতায়। ফলে বাংলাদেশে ডিজিটাল পেমেন্টের এক নতুন ধারার সূচনা হয়েছে।

কে বিজয়ী হবে তা ঠিক করতে কয়েকটি পর্বের পর চূড়ান্ত অনুষ্ঠানের পর্বে অংশ নেন জাতীয় ক্রিকেট দলের মুশফিকুর রহিম। বাংলা এআই ব্যবহার করে প্রতিটি খণ্ডে সম্ভাব্য বিজয়ীর সংখ্যা কমতে থাকে। শেষ দিনে, একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে মুশফিকুর রহিমের অর্ধশতকের ওপর ভিত্তি করে প্রথমে ৪৪ জন গ্রাহককে বেছে নেওয়া হয়।

পরে মুশফিকের পরামর্শে এআই ব্যবহার করে বাকি ২৭ জেলা থেকে একজন করে বেছে নেওয়া হয়। ৬৪ জেলার ৭১ জনের নাম ভোটের জন্য গ্রাহকদের সামনে রাখা হয়। তারপরে নগদ গ্রাহকের দেওয়া ভোটে সেরা দশজনকে বাছাই করে নগদ।

জানা গিয়েছে, মাহবুব পেয়েছেন ৪ লাখ ৭৩ হাজার ২৭টি ভোট। চট্টগ্রামের সিলভিয়া ইয়াসিন ৪ লাখ ১১ হাজার ৮১৩টি ভোট পেয়ে দ্বিতীয় স্থান এবং কক্সবাজারের সাইদুর রহমান সোহেল ৩ লাখ ৩৪ হাজার ৯৯টি ভোট পেয়ে তৃতীয় স্থানে আছেন। তাঁদেরকেও পুরস্কার দেওয়া হয়।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী বলেন, নগদ শুরু থেকে চমক দেখিয়েছে। আজকে ডাক বিভাগকে বাঁচিয়ে রেখেছে নগদ। এইজন্য নগদকে ধন্যবাদ জানাই। সারা দেশে সবার মুখে মুখে নগদ-এর বিএমডব্লিউ ক্যাম্পেইনের নাম। গত তিন মাস ধরে চলা এই ক্যাম্পেইনে যুক্ত হয়েছেন কয়েক কোটি নগদ গ্রাহক। ক্যাম্পেইনের মেয়াদ শেষে কয়েক ধাপে বাছাইয়ের পর মোট ৭১ জন নগদ গ্রাহক সম্ভাব্য বিজয়ীর চূড়ান্ত তালিকায় স্থান পেয়েছেন।

এ পর্যায়ে গ্রাহকদের কাছ থেকে সর্বোচ্চ ভোট পাওয়া গ্রাহকই জিতবেন কোটি টাকার কাঙ্ক্ষিত বিএমডব্লিউ গাড়ি। তালিকা চূড়ান্তকরণের ক্ষেত্রে প্রতি জেলা থেকে ন্যূনতম একজনকে নিশ্চিত করা হয়েছে।

গত মার্চের শেষ সপ্তাহ থেকে জুনের ৩০ তারিখ পর্যন্ত চালু ছিল নগদের বিএমডব্লিউ ক্যাম্পেইনটি। গ্রাহকদের ভালোবাসা এবং স্বতঃস্ফূর্ত সাড়ায় এই তিন মাসে দেশের সেরা পেমেন্ট ক্যাম্পেইন হিসেবে গ্রাহক স্বীকৃতি পেয়েছে এটি। এ সময়ে নগদের মাধ্যমে মোবাইল রিচার্জ ও পেমেন্ট চলে গেছে অন্য এক উচ্চতায়।

নগদের এই ক্যাম্পেইনের অংশ হিসেবে 'কে জিতবে বিএমডব্লিউ' শিরোনামে টেলিভিশন অনুষ্ঠান প্রচারিত হয়েছে, যেখানে বিনোদন জগতের তারকা থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যমের ইনফ্লুয়েন্সাররা অংশগ্রহণ করেন। 'কে জিতবে বিএমডব্লিউ' অনুষ্ঠানের চূড়ান্ত পর্বে অংশ নেন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অন্যতম সেরা খেলোয়াড় মুশফিকুর রহিম।

নগদের এই টেলিভিশন শো-এর বিভিন্ন পর্বের অনুষ্ঠানে অংশ নেওয়া তারকারা বিজয়ীদের তালিকা সংক্ষিপ্ত করেন। এছাড়া বাংলা এআই-এর মাধ্যমে নগদের বিএমডব্লিউ গাড়ি জেতার জন্য ৩৭ জেলা থেকে ৪৪ জন গ্রাহককে নির্বাচন করা হয়। ৪৪ সংখ্যাটি ছিল মুশফিকুর রহিমের একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে করা মোট অর্ধশতকের প্রতীক।

যদিও পরবর্তীতে মুশফিকুর রহিম নিজেই দেশের ৬৪ জেলা থেকে বিজয়ী মনোনয়নের জন্য প্রস্তাব করেন, পরে তাঁর কথামতো ৬৪ জেলা থেকে ৭১ জন নগদ গ্রাহককে মনোনীত করা হয়।

মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের কারণে এখন বিএমডব্লিউ বিজয়ী নির্বাচনের জন্য নগদ ৭১ জন গ্রাহককে মনোনীত করেছে। এ ৭১ জন গ্রাহককে সারা দেশের যেকোনো জায়গা থেকে যে কেউ ভোট দিতে পারবেন, ফলে সর্বোচ্চ ভোট পাওয়া নগদ গ্রাহক বিজয়ী হবেন এ ক্যাম্পেইনে।

বিএমডব্লিউ বিজয়ী নির্বাচনের জন্য একজন নগদ গ্রাহককে প্রথমে নগদের অ্যাপে লগ ইন করতে হবে। এরপর কে 'জিতবে বিএমডব্লিউ' আইকনে ক্লিক করতে হবে। সেখানে সংক্ষিপ্ত তালিকায় থাকা সম্ভাব্য বিজয়ীদের ছবি ও তাদের নিজ জেলার নাম দেখা যাবে। একজন নির্বাচিত গ্রাহককে ভোট দিতে তার ছবির নিচে থাকা 'ভোট' লেখা অংশে চাপ দিলে 'ভোট নাউ' অপশন আসবে, এ অপশনে ক্লিক করে ভোট দেওয়া যাবে। একজন নগদ গ্রাহক দিনে একবারই ভোট দিতে পারবেন। একাধিক ভোট দিতে চাইলে পরদিন আবারও একটি ভোট দিতে পারবেন গ্রাহক। ১ জুলাই থেকে শুরু হওয়া এ ভোটদান চলবে আগামী ১০ জুলাই পর্যন্ত।

এ প্রসঙ্গে নগদ-এর চিফ মার্কেটিং অফিসার সাদাত আদনান আহমেদ বলেন, 'আমরা শুরু থেকে এ ক্যাম্পেইনে ব্যাপক সাড়া পেয়েছি। যার কারণে বিজয়ী নির্বাচনের জন্য আমরা নিজেরা কোনো সিদ্ধান্ত নেইনি। তাই আমরা পুরো প্রক্রিয়াটি দেশের সাধারণ মানুষের হাতে ছেড়ে দিয়েছি। এখন এ ৭১ জনের মধ্যে সর্বোচ্চ ভোট পাওয়া গ্রাহকই হবেন বিএমডব্লিউ বিজয়ী।'

নগদের মেগা ক্যাম্পেইনে একাধিক সেডান গাড়ি, পাঁচ শতাধিক মোটরসাইকেল ও রেফ্রিজারেটর, স্মার্ট টেলিভিশন, মোবাইল, স্মার্টওয়াচ ও হেডফোনসহ পাঁচ হাজারের বেশি পণ্য বিজয়ীদের মধ্যে হস্তান্তর করেছে প্রতিষ্ঠানটি।

এরমধ্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল খান, নুসরাত ফারিয়া, মিশু সাব্বির, জিয়াউল হক পলাশ ও পার্সা ইভানার মতো তারকারাও নগদের হয়ে পুরস্কার বিতরণ করেন। এমনকি সারা দেশের অনেক জায়গায় বিজয়ীর বাড়িতে গিয়ে পুরস্কার হস্তান্তর করেছে নগদ।

বাংলাদেশ সময়: ১৭৫২ ঘণ্টা, জুলাই ০২, ২০২৩

গ্রাহকের ওয়ালেটে পৌঁছে যাবে। এই ক্যাশব্যাক অফারটি দিনের সকাল ১০টা থেকে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত উপভোগ করা যাবে।

মেগা গিফট-এর জন্য মনোনীত হলে একজন গ্রাহককে পরবর্তী কর্মদিবসে নগদ-এর কাস্টমার সার্ভিস থেকে আউটবাউন্ড কল করে জানিয়ে দেবে এবং একটি এসএমএস-এর মাধ্যমে বিস্তারিত জানানো হবে। উল্লেখ থাকে যে, মেগা অফার ও ক্যাশব্যাকের বিষয়ে নগদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং নগদ কর্তৃপক্ষ যেকোনো সময় অফারের শর্ত পরিবর্তন, পরিবর্ধনসংযোজন কিংবা বাতিল করতে পারে।

এ ছাড়াও নগদ-এর অনলাইন ও কিছু নির্দিষ্ট মার্চেন্টে নিয়মিত ক্যাশব্যাক ও মেগা অফার চালু থাকবে। নির্দিষ্ট অনলাইনে কেনাকাটা করে নগদ-এর মাধ্যমে ২২ শতাংশ পর্যন্ত ক্যাশব্যাক এবং মেগা অফার জেতার সুযোগ। পাশাপাশি নির্দিষ্ট সংখ্যক গ্রোসারিতে এক হাজার টাকা পেমেন্ট করে গ্রাহকেরা ১০০ টাকা পর্যন্ত ক্যাশব্যাক পেতে পারেন। লাইফস্টাইলে ১৫ শতাংশ এবং ফার্মেসিতে ১০ শতাংশ ক্যাশব্যাকও উপভোগ করতে পারবেন গ্রাহকেরা। মেগা অফারের জন্য গ্রাহককে ৫০০ টাকার পেমেন্ট করতে হবে।

নগদ-এর দারুণ এই মেগা অফারের বিষয়ে প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক বলেন, 'গ্রাহকদের জন্যেই সব সময় আমরা কাজ করি। গ্রাহকদের সন্তুষ্ট করা, তাদের জীবনকে আরো সহজ করা এবং তাদের আনন্দ দেওয়ার জন্যেই আমরা আমাদের সেবার ডালি সাজাই। কোটি টাকার বিএমডব্লিউ গাড়ি এবং অন্যান্য পুরস্কারও গ্রাহকদের আনন্দ দেওয়া এবং তাদের ডিজিটাল পেমেন্টের প্রতি আকৃষ্ট করার অভিপ্রায় থেকে। শুরু থেকেই আমরা এমন কিছু করতে চেয়েছি, যা বাংলাদেশ আগে কখনো দেখেনি। বিএমডব্লিউ গাড়িও সেই চিন্তারই প্রতিফলন।'

সারা দেশজুড়ে ৩০০টিরও বেশি ব্র্যান্ড ও ৬ হাজারের বেশি আউটলেটে নগদ-এর এই মেগা অফার উপভোগ করা যাবে। অফারটি সম্পর্কে বিস্তারিত জানতে গ্রাহকেরা নগদ-এর ওয়েবসাইট ও ফেসবুকে নজর রাখতে পারেন।

গাড়ি হস্তান্তর অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, 'নগদ শুরু থেকে চমক দেখিয়েছে, সেই চমকের ধারাবাহিকতায় আজ বিএমডব্লিউ উপহার দিচ্ছে। বিএমডব্লিউ বিজয়ী মাহবুবকে আমার অভিনন্দন।' তিনি বলেন, 'আজ ডাক বিভাগকে বাঁচিয়ে রেখেছে নগদ, এ জন্য নগদকে ধন্যবাদ জানাই।'

পুরো আয়োজন প্রসঙ্গে নগদের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক বলেন, 'বিএমডব্লিউ ক্যাম্পেইনটি যেকোনো বিবেচনায় সাধারণ কোনো ক্যাম্পেইন ছিল না। আমার বিবেচনায় এই ক্যাম্পেইন স্মার্ট বাংলাদেশের পথে একটি বড় পদক্ষেপ। বাংলাদেশে ক্যাশলেস সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে এই ক্যাম্পেইন অনন্য একটি অবস্থান তৈরি করবে বলে আমার বিশ্বাস।'

অনুষ্ঠানে জাতীয় দলের তিন ক্রিকেটার সাকিব আল হাসান, তামিম ইকবাল এবং মুশফিকুর রহিম ভিডিও বার্তায় ক্যাম্পেইনে অংশগ্রহণকারী ও বিজয়ীদের শুভেচ্ছা জানান। ক্যাশলেস বা ডিজিটাল পদ্ধতিতে লেনদেনে জোর দিচ্ছে শেখ হাসিনার সরকার। এই লক্ষ্য নিয়ে ২০১৯ সালের ২৬ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন মোবাইল আর্থিক সেবা 'নগদ'-এর। ইতিমধ্যেই আট কোটির বেশি গ্রাহক হয়েছে 'নগদ'-এর।

এই পদ্ধতিকে আরও জনপ্রিয় করার লক্ষ্য নিয়ে বাংলাদেশে চালু করা হয় নগদের বিএমডব্লিউ মেগা ক্যাম্পেন। জানানো হয়, একজনের হাতে তুলে দেওয়া হবে কোটি টাকার বিএমডব্লিউ গাড়ির চাবি! মঙ্গলবার, বিশেষ পদ্ধতি অনুসরণ করা হয় বিজয়ীর নাম। নগদ-এর এই বিএমডব্লিউ জিতেছেন ঢাকার পালোয়ান মাহবুব হায়দার।